এইচএসসিতে শীর্ষে চাঁদপুর সরকারি কলেজ

নিজস্ব সংবাদদাতা, চাঁদপুর

প্রকাশিত: ২০:৩৯, ১৫ অক্টোবর ২০২৪

কলেজ। ছবি: জনকণ্ঠ

এবারের উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় চাঁদপুর জেলায় শীর্ষে রয়েছে চাঁদপুর সরকারি কলেজ। এ কলেজ থেকে পরীক্ষায় অংশগ্রহণ করে ৬২৪জন শিক্ষার্থী। উত্তীর্ণ হয় ৬১১জন এবং জিপিএ ফাইভ পেয়েছে ২২৭জন। পাশের হার ৯৭.৯২%। এছাড়া জেলায় এইচএসসিতে পাশের হার ৭১.৮৫%।

UNIBOTS

মঙ্গলবার (১৫ অক্টোবর) এইচএসসি ও সমমান পরীক্ষার ফলাফল প্রকাশের পর এসব তথ্য জানা গেছে।

এছাড়া জেলার দ্বিতীয় অবস্থানে রয়েছে চাঁদপুর সরকারি মহিলা কলেজে। এই কলেজ থেকে পরীক্ষায় অংশগ্রহণ করে ৬৪৯জন। উত্তীর্ণ হয়েছে ৬০৭জন। জিপিএ ফাইভ পেয়েছে ২১০জন। জেলায় তৃতীয় অবস্থানে রয়েছে আল-আমিন একাডেমি স্কুল এন্ড কলেজ। এই প্রতিষ্ঠান থেকে পরীক্ষায় অংশগ্রহণ করে ৩৩৩জন। উত্তীর্ণ হয় ২৯৮জন। জিপিএ ফাইভ পেয়েছে ৩৬জন এবং পাশের হার ৮৯.৪৯%।

চাঁদপুর জেলা মাধ্যমিক ৎ শিক্ষা অফিস থেকে জানানো হয়, জেলার ৮ উপজেলায় ৬৭ প্রতিষ্ঠান থেকে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে ১৫হাজার ৯৪৪জন শিক্ষার্থী। এর মধ্যে উত্তীর্ণ ১১হাজার ৪৫৬জন। জিপিএ ফাইভ পেয়েছে ৯৮৫জন। পাশের হার ৭১.৮৫%।

জেলার ৮ উপজেলায় মাদ্রাসা শিক্ষা বোর্ডের আলিম পরীক্ষায় ৯৬টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে অংশগ্রহণ করে ২ হাজার ৫৭৮জন শিক্ষার্থী। এর মধ্যে উত্তীর্ণ ২ হাজার ৪২০জন। জিপিএ ফাইভ পেয়েছে ২২৩জন। পাশের হার ৯৩.৮৭%।

এছাড়া জেলার ৮ উপজেলায় এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষায় ১১টি প্রতিষ্ঠান থেকে অংশগ্রহণ করে ৯৮৫জন শিক্ষার্থী। এর মধ্যে উত্তীর্ণ হয়েছে ৯৩৮জন। জিপিএ ফাইভ পেয়েছে ৫৪জন। পাশের হার ৯৫.২৩%।

এদিকে জেলার মতলব দক্ষিণ উপজেলায় কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি পরীক্ষায় অংশ নেওয়া ড.এম শামছুল হক মডেল কলেজের মানবিক শাখার ৮ জন এবং বিজ্ঞান শাখার ২জনসহ ১০ জন অংশ নিয়ে কেউ পাশ করতে পারেনি।

এসআর